রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ফেব্রুয়ারি ১১, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/ ১০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৬.২৪.৩১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল (এনটিসি)'** নিম্নরূপে গঠন করেছে:

২। **কাউন্সিলের গঠন :**

| | | | |
|---|---|---|---|
| ১) | মাননীয় প্রধান উপদেষ্টা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | সভাপতি |
| ২) | উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩) | উপদেষ্টা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪) | উপদেষ্টা, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫) | উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬) | মন্ত্রিপরিষদ সচিব | : | সদস্য |
| ৭) | প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | : | সদস্য |
| ৮) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | : | সদস্য |
| ৯) | সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ | : | সদস্য |
| ১০) | নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা ও উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) | : | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| ১১) | রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা | : | সদস্য |
| ১২) | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | : | সদস্য |
| ১৩) | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | : | সদস্য |
| ১৪) | উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয় | : | সদস্য |
| ১৫) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য-সচিব। |

২.১। এ কাউন্সিলে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

২.২। **কাউন্সিলের কার্যপরিধি :**

১) জাতীয় প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন, পর্যালোচনা, মূল্যায়ন এবং সংশোধনপূর্বক যুগোপযোগী করার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান;

২) প্রশিক্ষণের ক্ষেত্রে অগ্রাধিকার স্থির করা এবং প্রাধিকারের ভিত্তিতে সম্পদ বরাদ্দের দিক নির্দেশনা প্রদান;

৩) জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার উপযোগী জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন ও এর বাস্তবায়ন সম্পর্কে দিক নির্দেশনা প্রদান;

৪) প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থা মূল্যায়নের ভিত্তিতে এর ফলাফল ও কার্যকারিতা সম্পর্কে অবহিত হওয়া; এবং

৫) প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থা অধিকতর ফলপ্রসূ ও কার্যকর করার ব্যাপারে দিক নির্দেশনা প্রদান।

২.২.১। কাউন্সিল প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২.২.২। কাউন্সিলের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২.২.৩। জনপ্রশাসন মন্ত্রণালয় কাউন্সিলকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২.২.৪। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ মে ২০২৪ তারিখের ০৪.০০.০০০০. ৬১১.০৬.০০১.২৪.৯৭ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

জাহেদা পারভীন
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd